দৈনিক
ইনকিলাব

তারিখ 12 MAR. 2000
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগের সন্ত্রাসীরা প্রতিনিয়ত হল দখল ও চাঁদাবাজি করে চলেছে

*—খালেদা জিয়া*

স্টাফ রিপোর্টার : বিএনপি চেয়ারপার্সন ও সংসদে বিরোধী দলের নেতা বেগম খালেদা জিয়া বলেছেন, সরকার শিক্ষাঙ্গনে সন্ত্রাস ও চাঁদাবাজি দূর *পৃঃ ৫ কঃ ৪*

## ছাত্রলীগের সন্ত্রাসীরা প্রতিনিয়ত

*প্রথম পৃষ্ঠার পর*

করতে পারেনি। ছাত্রলীগের সন্ত্রাসীরা প্রতিনিয়ত হল দখল এবং চাঁদাবাজি করে যাচ্ছে। শিক্ষাঙ্গনেও এক অস্থির পরিস্থিতি বিরাজ করছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৩২ সদস্যের শিক্ষক প্রতিনিধি দল গতকাল গুলশানের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের সভাপতি প্রফেসর ড. একরামুল হক-এর নেতৃত্বে ৩২ সদস্যের প্রতিনিধি দল গতকাল সন্ধ্যায় গুলশানের কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় বেগম জিয়া তাদের উদ্দেশে বক্তব্য রাখেন। বেগম জিয়া তার বক্তব্যে জাতীয়তাবাদী শক্তিকে আরো শক্তিশালী করতে শিক্ষক সমাজকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

**বেগম খালেদা জিয়ার শোক**

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি চেয়ারপার্সন ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা বেগম খালেদা জিয়া গতকাল এক শোক বার্তায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল জামালপুর জেলা শাখার যুগ্ম-সম্পাদক ও জাতীয়তাবাদী যুবদল জামালপুর জেলা শাখার সাবেক সভাপতি খন্দকার ইলিয়াস মর্তুজার অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুম খন্দকার ইলিয়াস মর্তুজার শোকাহত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং তার বিদেহী রুহের মাগফেরাত কামনা করেন।